বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ভূমি ও রাজস্ব পরিদপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০০.২০৩.৯৯.০০০১.২৬.১৬৩

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩
২৭ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: **চলমান বিডিএস/হাল জরিপ কার্যক্রমে বাপাউবো'র অধিগ্রহণকৃত ভূমি সঠিকভাবে রেকর্ডভুক্তকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

দেশের বিভিন্ন জেলায় বর্তমানে বিডিএস/হাল জরিপ কার্যক্রম চলমান। জরিপ কার্যক্রম শুরুর পূর্বে সংশ্লিষ্ট জোনাল সেটেলমেন্ট অফিস কর্তৃক জরিপতব্য মৌজাসমূহে গণবিজ্ঞপ্তি জারি করাসহ সংশ্লিষ্ট সরকারি দপ্তরসমূহকে নোটিশের মাধ্যমে অবহিত করা হয়।

০২। বাপাউবো'র পানি উন্নয়ন বিভাগ/দপ্তরসমূহের আওতাধীন বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বিপুল পরিমাণ ভূমি অধিগ্রহণ করা হয়েছে। অনেক ক্ষেত্রে এসব অধিগ্রহণকৃত ভূমির পূর্বের রেকর্ডে ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম বিদ্যমান থাকায় চলমান জরিপে সংশ্লিষ্ট ভূমি যথাযথভাবে শনাক্ত ও বাপাউবো'র স্বত্ব/স্বার্থ অনুযায়ী রেকর্ডভুক্ত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। জরিপের সময় প্রয়োজনীয় দলিলাদি উপস্থাপন করা না হলে সরকারি স্বার্থের ভূমি ভুলক্রমে ব্যক্তি মালিকানায় রেকর্ডভুক্ত হওয়ার আশঙ্কা থাকে।

০৩। এমতাবস্থায়, সরকারি সম্পত্তির স্বত্ব/স্বার্থ সংরক্ষণ এবং ভবিষ্যতে ভূমি সংক্রান্ত বিরোধ/জটিলতা পরিহারের লক্ষ্যে বিষয়টি সর্বোচ্চ গুরুত্বে বিবেচনা করে সকল পানি উন্নয়ন বিভাগ/দপ্তরকে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো:

(১) নিজ নিজ আওতাধীন এলাকায় চলমান/আসন্ন বিডিএস/হাল জরিপের আওতাভুক্ত সকল মৌজা শনাক্ত করে তালিকা প্রস্তুত করতে হবে।

(২) উক্ত মৌজাসমূহে বাপাউবো'র অধিগ্রহণকৃত সকল ভূমির মৌজা, জে.এল. নম্বর, দাগ নম্বর, খতিয়ান নম্বর, জমির পরিমাণ, এল.এ. কেস নম্বর এবং প্রকল্পের নাম-সহ হালনাগাদ তালিকা প্রস্তুত করতে হবে।

(৩) অধিগ্রহণকৃত ভূমির স্বত্ব ও দখল সংক্রান্ত এল.এ. কেসের কাগজপত্র, অধিগ্রহণের গেজেট, দখল হস্তান্তর সংক্রান্ত দলিল, নামজারি/খারিজ খতিয়ান, পূর্বের রেকর্ড এবং অন্যান্য প্রাসঙ্গিক নথি সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে।

(৪) সংশ্লিষ্ট জোনাল সেটেলমেন্ট অফিস কর্তৃক গণবিজ্ঞপ্তি/নোটিশ জারি হলে তাৎক্ষণিকভাবে বিষয়টি পর্যালোচনা করে জরিপ কার্যক্রমে অংশগ্রহণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী মনোনয়ন করতে হবে।

(৫) জরিপের সময় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীকে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট মৌজায় উপস্থিত থেকে বাপাউবো'র অধিগ্রহণকৃত ভূমি সরেজমিনে শনাক্তকরণ এবং দাগ/খতিয়ান সংক্রান্ত তথ্য যাচাইয়ে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে হবে।

(৬) বাপাউবো'র অধিগ্রহণকৃত ভূমি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে ভুলক্রমে রেকর্ডভুক্ত হওয়ার সম্ভাবনা দেখা দিলে সংশ্লিষ্ট জরিপ কর্তৃপক্ষের নিকট যথাসময়ে আপত্তি/দাবি উপস্থাপন এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৭) জরিপের খসড়া প্রকাশের পর সংশ্লিষ্ট ভূমির রেকর্ড যথাযথভাবে বাপাউবো'র স্বত্ব/স্বার্থ অনুযায়ী প্রতিফলিত হয়েছে কি-না; তা যাচাই করতে হবে। কোনো অসংগতি পাওয়া গেলে নির্ধারিত সময়ের মধ্যে আপত্তি/আপিলসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

(৮) এ বিষয়ে সংশ্লিষ্ট জোনাল সেটেলমেন্ট অফিস, জেলা প্রশাসন, ভূমি অফিস এবং অন্যান্য সংশ্লিষ্ট সরকারি দপ্তরের সঙ্গে প্রয়োজনীয় সমন্বয় করতে হবে।

(৯) নিজ নিজ দপ্তরের আওতাধীন বাপাউবো'র অধিগ্রহণকৃত ভূমির বিডিএস/হাল জরিপ সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি নিয়মিতভাবে পর্যালোচনা করতে হবে এবং কোনো গুরুত্বপূর্ণ সমস্যা/জটিলতা দেখা দিলে তাৎক্ষণিকভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

০৪। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে পত্রটি জারি করা হলো।

২৭-০৯-২০২৬
মোঃ আতিকুর রহমান
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব )
ফোন : ০২২২২২৩০০৫৬
ইমেইল : dir.land@bwdb.gov.bd

নির্বাহী প্রকৌশলী / প্রকল্প পরিচালক (সকল)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০০.২০৩.৯৯.০০০১.২৬.১৬৩/১ (১১)

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩ / ২৭ সেপ্টেম্বর ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), বাপাউবো।
২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), বাপাউবো।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৫। সিনিয়র সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব) / সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব) (সকল), বাপাউবো।
৬। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), বাপাউবো।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
১০। রাজস্ব সার্ভেয়ার (সকল), বাপাউবো।
১১। অফিস কপি।



২৭-০৯-২০২৬
মোঃ জহিরুল ইসলাম
উপ-পরিচালক